

B.A. 1st Semester (General) Examination, 2021 (CBCS)

বাংলা (সাধারণ)

Course - CC-1A/2A/GE-1

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - তিন ঘণ্টা

পূর্ণমান -৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

নতুন পাঠক্রম

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৬X৫=৩০

- ক) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র দেশহিতৈষী ও সিভিল সার্ভিস বাবুদের সঙ্গে কোন কোন ফলের তুলনা করেছেন এবং কেন করেছেন বুঝিয়ে দাও।
- খ) "তুমি বসন্তের কোকিল, শীত-বর্ষার কেহ নও" -- প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের ব্যাখ্যা দাও।
- গ) "তোমার কথাগুলি ভারি সোসিয়ালিষ্টিক! সমাজবিশৃঙ্খলার মূলা!"-- প্রসঙ্গ উল্লেখ করে বক্তার উক্ত মন্তব্যের যথার্থতা নির্ণয় করো।
- ঘ) "চুরি করি নাই। তোমার ভগিনী আমাকে যাচাই করিতে দিয়াছিল, দর কষিয়া আমি ফিরাইয়া দিয়াছি।"-- প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের উক্ত বক্তব্য পরিস্ফুট করো।
- ঙ) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মৃন্ময়ী মায়ের কাছে যা প্রার্থনা করেছেন তার পরিচয় দাও।
- চ) 'সাহিত্যের উদ্দেশ্য' প্রবন্ধে অবলম্বনে সাহিত্যের উদ্দেশ্য সম্বন্ধে প্রাবন্ধিকের মতামত ব্যাখ্যা করো।
- ছ) "জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, ভাবের কথাকে সঞ্চর করিতে হয়।"-- প্রবন্ধে অবলম্বনে উক্ত বক্তব্যের ব্যাখ্যা দাও।
- জ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর উর্মিলাকে এক উপেক্ষিতা নারী হিসাবে নির্মাণ করেছেন - আলোচনা করো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩x১০=৩০

- ক) "মানুষ কোনোদিন কোনো যথার্থ হিতকে ভিক্ষা রূপে গ্রহণ করিবে না, ঋণরূপেও না, কেবলমাত্র প্রাপ্য বলিয়াই গ্রহণ করিতে পারিবে।"-- উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে প্রাবন্ধিকের লোকহিত-সম্পর্কিত ভাবনার পরিচয় দাও।
- খ) 'রঙ্গমঞ্চ' প্রবন্ধে অবলম্বনে রবীন্দ্রনাথের নাট্যভাবনার পরিচয় দাও।
- গ) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সমাজ ও সংসার সম্পর্কে যে অভিজ্ঞতা ব্যক্ত করেছেন- তা নিজের ভাষায় লেখো।
- ঘ) 'বসন্তের কোকিল' প্রবন্ধে বসন্তের কোকিল কারা? বসন্তের কোকিল সম্পর্কে বঙ্কিম-ভাবনার পরিচয় দাও।

ঙ) "আমি তো মনে করি, রাজসভায় দুশ্ম্যন্ত শকুন্তলাকে যে চিনিতে পারেন নাই তাহার প্রধান কারণ- সঙ্গে অনসূয়া ও প্রিয়ংবদা ছিল না।"— প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের উক্ত মন্তব্যের যথার্থতা বিচার করো।

পুরোনো পাঠক্রম

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৬×৫=৩০

ক) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র দেশহিতৈষী ও সিভিল সার্ভিস বাবুদের সঙ্গে কোন কোন ফলের তুলনা করেছেন এবং কেন করেছেন বুঝিয়ে দাও।

খ) "তুমি বসন্তের কোকিল, শীত-বর্ষার কেহ নও" – প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের ব্যাখ্যা দাও।

গ) "তোমার কথাগুলি ভারি সোসিয়ালিষ্টিক! সমাজবিশৃঙ্খলার মূল!"— প্রসঙ্গ উল্লেখ করে বক্তার উক্ত মন্তব্যের যথার্থতা নির্ণয় করো।

ঘ) "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ"— প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উক্ত মন্তব্যটি ব্যাখ্যা করো।

ঙ) 'আবিষ্কার অনুকরণ নয়, তা সৃষ্টি।'— উক্ত বক্তব্যে সৃষ্টি সম্পর্কে রবীন্দ্রনাথের যে ভাবনার প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

চ) 'অনেক সাহিত্য এইরূপ হৃদয়মিলন-উপলক্ষে বাজে কথা এবং মুখোমুখি, চাহাচাহি, কোলাকুলি।' – 'সাহিত্যের উদ্দেশ্য' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো।

ছ) "জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, ভাবের কথাকে সঞ্চর করিতে হয়।"— প্রবন্ধ অবলম্বনে উক্ত বক্তব্যের ব্যাখ্যা দাও।

জ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর পত্রলেখাকে উপেক্ষিতা নারী হিসাবে নির্মাণ করেছেন – আলোচনা করো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩×১০=৩০

ক) "সমাজ উন্নতিতে দরিদ্রের প্রয়োজন না থাকিলে না থাকিতে পারে, কিন্তু ধনীদিগের বিশেষ প্রয়োজন,"— 'বিড়াল' প্রবন্ধের উক্ত মন্তব্যের পরিপ্রেক্ষিতে প্রাবন্ধিকের সমাজ-মনস্কতার পরিচয় দাও।

খ) সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের ভাবনা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।

গ) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সমাজ ও সংসার সম্পর্কে যে অভিজ্ঞতা ব্যক্ত করেছেন- তা নিজের ভাষায় লেখো।

ঘ) 'বসন্তের কোকিল' প্রবন্ধে বসন্তের কোকিল কারা? বসন্তের কোকিল সম্পর্কে বঙ্কিম-ভাবনার পরিচয় দাও।

ঙ) "আমি তো মনে করি, রাজসভায় দুশ্ম্যন্ত শকুন্তলাকে যে চিনিতে পারেন নাই তাহার প্রধান কারণ- সঙ্গে অনসূয়া ও প্রিয়ংবদা ছিল না।"— প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের উক্ত মন্তব্যের যথার্থতা বিচার করো।